
28

としいろとはいうないようなないとうできるは、どのはっている

এই কি ব্ৰাহ্ম বিবাহ।



আল্বার্ট প্রেস;

७५ नः (न्छूबावाचात हैहि-- र्वन्रुनिता, .

কলিকাতা ৷

25414 -- 526e



Ġ



এত দিনের পর কেশব বাব্র নিজ কথা শুনিতে পাওয়া গেল। প্রীযুক্ত বাব্ প্রতাপচক্র মজ্মদার ও প্রীযুক্ত বাব্ গৌরগোবিন্দ রায় উভরে স্বাক্ষর করিয়া "ধর্মাতত্ত্বর অতিবিক্ত" একথানি স্থানীর্ঘ পত্রে কেশব বাবুর পক্ষ সমর্থন করিয়াছেন এবং বলিয়াছেন যে "আচার্য্য মহাশরের সম্মতিক্রনে তাহা সাধা রণের হিতার্থ লিপিবদ্ধ করিলাম।" স্কৃতরাং এই সমুদার কথা কেশব বাবুর নিজের কথা বলিয়া গ্রহণ করা বাইতে পারে এগানে একটু টীকা করা আবগ্রক—প্রচারক মহাশয়ন্বর লিগিতে কেন, "সাধারণের হিতার্থ"। তুমি আমি হইলে হয় ত লিথিতান "সাধারণের অবগতির জন্য।" সে বাহা হউক আমি প্রচারক মহাশয়ন্বরের প্রকাশিত পত্রধানির তর তর করিয়। বিচার করিবার সংকল্প করিয়াছি, ত্রাহ্ম পাঠকগণের প্রতি এই অন্থরেধ তাঁহারা আনার প্রতি অন্থ্যহ প্রকাশপূর্বক একটু বীর ভাবে উভয় পফ্ষের কথাগুলি পাঠ ও বিচার করিয়। দেখিবেন।

প্রচারক মহাশর দয় প্রথমেই বলিতেছেন:—

"অপনাদ ও নিন্দা পরিহার পূর্বক যদি কেহ কেহ নিরপেক ভাবে, বন্ধুতার অন্থরোধে ও সাধারণের হিতকামনার আচার্য্য মহাশরকে ইতিপূর্ব্বে পত্র লিথিতেন বোধ করি তিনি তাঁহাদের কৌতুহল চরিতার্থ ক্রিতেন।"

মফস্বলের পাঠকগণ এ বিষয়ের প্রকৃত কথা জানেন না। পঁমাণোচকে তাহার কিছু কিছু প্রকাশ হইয়াছে। গত পূজার পূর্বে যথন বিবাহের প্রস্তাবের কথা প্রথম কলিকাতাতে প্রচার হর তথন শ্রীযুক্ত বাবু আনন্দমোহন বহু কেশব বাবুর নিকট স্বিশেষ বিবরণ জানিতে গিয়াছিলেন। কেশব বাবু তথন किছ दित रम नारे विनम्ना छांशांक विनाम कविमाहितन। স্বিশেষ বিবরণ কিছুই বলিলেন না। পরে ১১ মাথের উৎ-সবের পর বিবাহের কথা যথন পুনরায় উঠিল, তথন আমি এবং আমার তুই জন বস্থু মিলিত হইয়া ২রা ফেব্রুয়ারি কেশব वावुत निक्छे शमन कति। आमता त्कनव वावूत्क विनाम, ব্য "এরপ জনরব যে ৬ই মার্চ আপনার কন্যার বিবাহ ? এ প্রস্তাব কতদুর অগ্রসর হইয়াছে, আমরা জানিতে ইচ্ছা করি।" ভাহাতে তিনি বলিলেন যে, "প্রস্তাবের এখনও কিছু স্থির হয় নাই, একটী নিয়ম ভাঙ্গিয়া গেলে হয় ত সমুদায় নিয়ম ভাঙ্গিয়া মাইতে পারে।" তাহাতে তাঁথাকে বিশেষ করিয়া জিজাসা করা হইল, আপনি কি কন্যার বয়ঃপ্রাপ্তির পূর্বের বিবাহ দিতে সম্মত হইবেন ? তাহাতে তিনি বলিলেন, ভাহারও অনেক নিয়ম আছে; ধর্মের দিক অগ্রে দেখিতে হইবে। ধর্মের দিক কিরপ? জিজানা করাতে বলিলেন—পাত্তের ধর্মবিখাস, বিবাহ-পদ্ধতি প্রভৃতি। যথন কেশব বাবুর নিকট সবিশেষ কিছুই পাওয়া গেল না তথন আমরা উঠিলাম। উঠিবার সময় বলা ্ৰইল ;—"লোকে আমাদিগকে ইতিমধ্যেই বনিতেছে ভোমরা ু না কাজগিরির ঘাড়ের মাস খাইয়াছিলে ? তাহাতে তিনি বেন

এক্টু বিরক্ত হইয়া বলিলেন,—"তোমরা কেশবচল্র সেনেরও খাড়ের মাদ ছিঁড়িও।" আমরা পরে চলিরা আদিলাম। কেশব বাবু আমাদিগকে বলিয়াছিলেন যে অমুমান ১০ দিনের মধ্যে সমুদার স্থির হইবে। কিন্তু হই তিন দিনের মধেই শুনা গেল বিবাহ হওয়া স্থির এবং ৯ই ফেব্রুয়ারি দিবসের স্থলত ও মিরারে বিবাহের বিষয় প্রকাশাভাবে ঘোষণা কবা হইল। সেই দিনেই ২৩ জনের স্বাক্ষরিত একগানি প্রার্থনা পত্র কেশব বাবুর হস্তে অপিত হটল এবং ঐ পতা মুদ্রিত করিয়া সমুদায় স্মাজে প্রেরিত হটল। অপরাধের মধ্যে সেই পত্রে বলা হইরাছিল, যে, পার্টি শিশু, অগঠিত চরিত্র, ও বিদ্যাবৃদ্ধি সম্বন্ধে ও কাঁচা, এরূপ পাত্রে এত গুলি নিয়ম ভঙ্গ করিয়া কনা। দিলে লোকে মনে ক্রিবে আপনি পাত্রের পদ ও ধন দ্বারা আকৃত্ত হইয়াছেন; আপনার স্থক্তে এরপ অপবাদ ও আমাদের সমাজের পক্ষে অনিষ্টকর।" এই টুকুই প্রচারক মহাশয় দিগের বিচারে অপবাদ ও নিন্দা বলিয়া গণ্য হইল। কেশববাবু একবার পত্রখানি পড়িলেন না অথচ পরের মুথে অস্লাস্বাদনের ন্যায় বৃদ্ধিলেন যে তাহা বিদেব-বিজ্ঞিত এবং এই বিবেচনা করিয়াই ৬৬ বৎসরের প্রাচীন ব্রাহ্ম শিবচন্দ্র দেব, আনুষ্ঠানিক ব্রাহ্মদের অগ্রণী বাবু তুর্গামোহন দাস এবং বঙ্গদেশের শিক্ষিত সমাজের মুখ্ঞীসরূপ আনন্দমোহন বস্থ অভৃতির স্বাক্ষরিত সেই পত্রথানি পড়া পাপ বলিয়। ফেলিয়া দিকেন। তথাপি আনন্দমোহন বাবু ১৬ ফেব্ৰুয়ারি কেশৰ বাবুকে এক পত্ৰ লিখিয়া তাঁহার অভিপ্রায় জানিবার

ইচ্ছা করিলেন। ঐ পত্র ২৩ ফাব্ধণের সমালোচকে এবং ১১ই এপ্রেলের "ব্রাহ্ম পর্বলিক ওপিনিয়নে" প্রকাশ হইয়াছে। পাঠক গণকে অফুরোধ করি, পত্রথানি পড়িয়া দেখিবেন আনন্দ মোহন বাবু কিরূপ সন্তাবের সহিত পত্রথানি লিখিয়াছিলেন। এত দ্বিল ১৯ ফেব্রুয়ারি শিবচক্রদেব প্রভৃতি আবার কেশব বাবুকে আর এক থানি বিনয়পূর্ণ পত্র লেখেন। কেবল তাহাও নহে ঐ সময়ে বাবু উমেশ চক্র দত্ত প্রভৃতি কয়েক জন গণা ব্রাহ্ম কেশববাবুর অভিপ্রায় জিজ্ঞাসা করিয়। আর এক পত্র লেখেন। ইহার কোন পত্রের উত্তর দেওয়া হয় নাই। কেশৰ বাবু আনন্দ মোহন বাবুর পত্রের উত্তর দিয়াছেন কিন্ত ভনিতে পাওয়া যার তাহা গোপনীর বলিয়া দিয়াছেন এবং তাহাতে ভাঁহার নিজের অভিপ্রায় কিছুনাত্র প্রকাশ করেন নাই। পাঠকগণ ৰলুন দেখি--ইহা দেখিয়া এরূপ বলা যায় কিনা যে কেশবৰাব্র মনের অভিপ্রায় জানিবার জন্য যথেষ্ট চেষ্টা করা ছইয়াছে। আর কেশববাবুরই বা একি ব্যবহার! তিনি এত বড় একটী কাৰ্য্য করিতে গেলেন একবার স্বদলস্থ লোকদিগকে একটা কথাও বলিলেন না; বার বার জানিতে যাওয়া গেল কথা কাটাইয়া দিলেন; প্রার্থনা করা গেল প্রার্থনা পত্র অব-হেলা করিয়া অপমান করিলেন। এই কি আচার্য্যের ব্যবহার !!!

২। প্রচারকলম বলেন;—"এ বিবাহের কতকগুলি নাগারে যদি অপর কেহ ছঃবিত হইরা থাকেন তাহা হইলে ইয়া জানা কর্ত্তবা যে তাঁহার স্বদ্ধ তৎসম্বন্ধে মর্কাপেকা অধিক

বাধিত হইয়াছে। অনুষ্ঠানটা সম্পূর্ণরূপে তাঁহার নিজের रैक्हाकूत्रण रम नारे, अलग छिनि मत्नत अंगर्छाय कथन गर-পোপন করেন নাই। यদি কিছু অন্যায় ঘটিয়া থাকে তাছা चना लाटक विरवरकत चक्रदार्थ (यमन चनात्र विहा शक्र-বাদ করিবেন তিনিও দেইরূপ মুক্ত কঠে অন্যায় ব্লিডে প্রস্তুত।" এই বিবাহ সম্বন্ধে ব্রাহ্মদিগের ছুইটা ক্ষোভের কারণ घित्राष्ट्र (১) वाला विवाह (मार्व (२म्र) (श्रीखनिकंड) (मार्व। প্রতাপ বাবুও গৌর বাবুত এছটীই অসীকার করিয়াছেন। তাঁহাদের পত্রের শেষ ভাগে এক স্থলে তাঁহারা বলিয়াছেন ;---"वाछविक উक्त विधित्र मूल जार्श्या এই यে योवनात्रष्ठहै কন্যার উপযুক্ত বয়স। এ নিয়ম বর্তমান বিবাহে পূর্ণ হইয়াছে। স্ত্রাং কেশ্ব বাবু আপন কন্যার বর্দ সম্বন্ধে পূর্ব্ব বিশ্বাদের বিরুদ্ধ ব্যবহার করেন নাই। দ্বিতীয়তঃ পৌত্তলিকতা সম্বর্দ্ধে বে অভিযোগ তাহাও অমূলক"। জিজ্ঞাসা করি তবে কেশব বাবু ছ:খিত কেন? यकि বালা বিবাহের দোষ নাই, পৌউলি-কতা দোষ নাই তবে কেশৰ বাবুর হঃখের কারণও নাই ?

- ৩। প্রচারক্ষয় বলেন; "কিন্তু তিনি ধনলোতে পৌত্ত-লিক অনুষ্ঠান করিয়াছেন অথবা বাল্য বিবাহ দিয়াছেন কিন্তা পুনরায় হিন্দুসমাজভুক্ত হইবার চেন্তা করিয়াছেন এরপ নীচ ও জ্বভ অপবাদের আমরা সকলেই বিরোধী।" এ কথা কে বলিল? আমরাও এরপ অপবাদের বিরোধী।
- ৪। তাঁহারা পরে বলিতৈছেন;— শর্মপ্রথমে ইহা বলা

 সাবশ্যক বে সাচার্য্য মহাশয় বিবেকের আদেশে এই কার্য্য

প্রবৃত্ত হইয়াছিলেন। আমরা জানি কন্যার বিবাহে তাঁহার অত্যম্ভ উপেক্ষা ছিল এবং তিনি এত গুরুতর ব্যাপারে সর্বাল নিশ্চিম্ভ থাকিতেন এক দিনের জ্মাও তিনি পাতামুসন্ধান করিতে ব্যস্ত হন নাই। ঘটনাক্রমে ঈশ্বর যথন পাত্র আনিয়া উপস্থিত করিলেন, তিনি তাহা অকুষ্ঠিত ভাবে গ্রহণ করিলেন। তিনি ফলবাদী নহেন, স্কুতরাং ফলের দিকে দৃষ্টি করেন নাই।" পাত্রটী ঈশ্বরানীত। কারণ কেশব বাব পাত্র অন্বেষণ করিতে যান নাই, আপনি আসিয়াছে। পাঠকগণ হয় ত জানেন, যে কেশৰ বাবুর কন্যার সহিত বিবাহের প্রস্তাব হইবার পূর্ব্বে এই পাত্রেরই জন্ম মান্তাজে কন্যা দেখা হয়; কলিকাতার অপর তিন জন ব্রাঙ্গের কন্যার সহিত ও পূর্ব্বে কথা হয়। তাঁহার। বিশ্বাস ও সংস্থারের বিরুদ্ধ কার্য্য করিতে অস্বীকৃত হওরাতে পরে কেশব বাবুর নিকট প্রস্তাব উপস্থিত হয়। পূর্ব্বোক্ত वाक्लिनिरगत्रकः ত निकडे भाज উপगांठक श्रेमा गिमाहिन। তবে কি এই বলিব যে ঈশ্বর পাত্রটী লইয়া দ্বারে দ্বারে ফিরিয়া দেখিলেন সকলেই বড় শক্ত অবশেষে কেশব বাবুর নিকট আসিয়া কৃতকার্য্য হইলেন !! আর এই পাত্রে কন্যা দিব কি না এরপ প্রশ্নের সঙ্গে বিবেকের কি সম্বন্ধ আমরা ব্যাতি পারি না। আর যেন ভাবিলাম যে ঈশ্বর পাত্রটী আনিলেন এবং এই পাত্রে কন্যা দিতে বলিলেন। ঈশ্বর বলিলেন "এই পাত্রে कना नाड?। (दम कथा! তিনি कि এরপ ও বলিলেন, यमि शवर्गियके हालाहालि करत वसरमत निसम हाजिया माछ ; विष छात्राक् धक्यत विद्या मध्येषात वापि कत क्य- বিহারীকে বসাইয়া দাও; তোমাদের পুরোহিত স্বীকার না করে তুমি তাহাদের পুরোহিত স্বীকার কর; বিবাহে পৌত্তলিক ক্রিয়া না থাকিলে বৈধ না হয় ত বর পক্ষে পৌত্তলিকতা করিবার অনুমতি দাও ইত্যাদি ইত্যাদি। ঈশ্বর কি এত দ্র ও আদেশ করিয়াছেন অথবা বিবেক এতদ্র বলিয়াছে? প্রশ্ন করিতেই শক্ষা হইতেছে।

৫। ইহার পর তাঁহারা বলেন যে কুচবিহারের ডেপুটা কমিশনর কন্যা দেখিয়া মনোনীত করেন। তাহার পর "অক্টোবর মাদের প্রথমে আচার্য্য মহাশয় আপনার মন্তব্য সমুদায় লিখিয়া পাঠাইয়া দেন। এই পত্রে তিনি ১৩টা প্রস্তাব করেন, তন্মধ্যে প্রধান প্রস্তাব কয়েকটী নিম্নে লিখিত হইল: (১) রাজা যে ত্রাক্ষ অথবা একেশ্বরবাদী "থিইষ্ট" তাহা লেখার স্বীকার করিতে হইবে। (২) ব্রাহ্মপদ্ধতি অর্থাৎ পৌত্তলিকতা-বিবর্জিত বিশুদ্ধ হিন্দুপদ্ধতি অনুসারে বিবাহ সম্পন্ন হইবে, কিন্তু তাহার সহিত স্থানীয় এমন সকল প্রথার যোগ থাকিতে পারিবে যাহাতে কিছু মাত্র পৌতলিকতা নাই। (৩) পাত্র পাত্রী উভরে বয়স প্রাপ্ত হইলে বিবাহ হওয়া বিধেয়। যদি তত দিন অপেক্ষা করা না হয় তাহা হইলে আপাততঃ কেবল নির্বন্ধপত্রের অমুষ্ঠান হউক; এবং রাজা ইংলও হইতে প্রত্যা-গমন করিলে বিবাহ বিধিপূর্বক সম্পন্ন হইবে। (৪) ধর্ম সম্বন্ধীর প্রস্তাব ঠিক গাখিতে হইবে, কোন বিষয়ে অন্তর্থা হইবে না। কিন্তু যে সকল ব্যাপারে কেবল বালকত কিয়া নির্বন্তি প্রকাশ পায় তাহা অনুষ্ঠান করিতে চাহিলে বিশেষ আপত্তি করা হইকে.

मा।" इः संत विरंत्र दिन्त वाव शृद्धीक ठाविन अधाम নিয়মের কোনটীই রক্ষা করিতে পারেন নাই। রাজা আপনাকে ব্ৰাহ্ম বলিয়া লিখিয়া দিয়াছেন কি না প্ৰকাশ নাই। বরং প্রচারকদ্বয় এই পত্রে স্থানান্তরে বলিয়াছেন "তাঁহার ব্রাহ্ম ধর্মে অনেক দিন হইতে বিশ্বাস আছে। এ কথা তিনি বন্ধু ভাবে নিধিয়া দিতেও প্রস্তুত"। ইহাতে স্পট বোধ হইতেছে রাজা আজিও লিখিয়া দেন নাই। পূর্বে ফুলভ গুজব जुनिवाहित्यन त्य ताका अकामा जात्व वक्षधर्म श्रद्ध कतिवाहिन রবিবারের মিরার তাহা স্পষ্টাক্ষরে অস্বীকার করিয়াছেন। এত-দ্বির ইষ্ট পত্রিকা এবং ব্রাহ্ম প্রবিশ্ব ওপিনিয়নে রাজার নিজের मुर्थंद्र कथा ख्रकान इटेबाएए। जाहा मिथिताहे পार्ठकशन कानित्वन त्राका निक्रमूर्थ विवाहिन "त्य এकिन विक्रमित्त 🗱 বিদি আমি ত্রাক্ষ হই তবেত আমাকে এটানও বলা বায় कार्ति वामि औद्दोनितिशत जन्मानत्त्र व्यानक वाद्र शिशाहि।" পাঠকগণ বুঝুন রাজা কেমন ব্রাক্ষ।-

(২) পদ্ধতি সহকে ঐকপ। কুচবিহারের ব্রাহ্মণ কলিকাতার আদিরা প্রীযুক্ত গৌরগোবিন্দ রায় মহাশরের সহিত পরামর্শ-করিরা যে পদ্ধতি প্রস্তুত করেন প্রচারকহরের নিজেরই কথা প্রমাণে দেখা বার কার্য্যকালে তাহা অবলম্বিত হয় নাই। কর্ত্বপক্ষ বলিয়া পাঠান—"পদ্ধতির মধ্যে স্থানে হানে ব্রাহ্মরীতি সন্নিবিষ্ট রহিয়াছে ইহা হইতে পারে না।" ব্রাহ্মধর্মের একটু গন্ধ খাকে তাহাও তাঁহারা সন্থ ক্রিতে পারিলেন না। (৩) পাত্র শাত্রীর কিরুপ বয়ঃপ্রাপ্ত হইয়া বিবাহ হইয়াছে তাহা সকলেই कार्तन। (म विवास वना वाहना। (१) धर्म मध्ये में मध्ये । কিন্নপ ঠিক ছিল তাহা সকলেই জানেন হোমেই তাহার প্রকাশ। এখন জিজ্ঞাসা করি, কেশব বাবু প্রথমে এনিরমগুলি कतिशाशितन कात जातिएम १ यति वन वित्वत्कत जातिएम. তবে এগুলির ভঙ্গ হওয়াতে ত তাঁহার বিবেক বিরুদ্ধ কার্য্য इंहेग्नार्ड ? योग वेल विटवरकत ज्यालिए नग किन्छ विकत আদেশে তবে ত তিনি ফলবাদীর ন্যায় কার্যা করিয়াছিলেন। সে যাহা হউক আমাদের এই বড় চঃখ যে কেশব বাব নিজে যতগুলি নিয়ম নির্দ্ধারণ করিয়া ছিলেন তাহার কোন্টী রক্ষিত হইল না কিন্তু তাঁহারা যাহা যাহা বলিলেন সকল রক্ষিত হইল। তাঁহারা বলিলেন কেশব বাবু কলা সম্প্রদান করিতে পারিবেন না, তিনি দিতে পারিলেন না—(প্রমাণ ১৭ই মর্চের মিরার); তাঁহারা বলিলেন ব্রাহ্ম পুরোহিত মন্ত্র পড়াইতে পারিবেনা স্থতরাং পড়াইতে পারিলেন না প্রেমাণ ঐ দিবসের মিরার) তাঁহারা বলিলেন সামাজিক উপাসনা হইবে না— সমাজিক উপাসনা হইতে পারিল না। প্রমাণ এই পত্র, কারণ ইহার একস্থানে আছে "পরে ব্রাহ্মরীতি অমুসারে প্রতিজ্ঞা প্রার্থনা ও বর কন্তার প্রতি আচার্য্যের উপদেশ এই করেকটা অফুষ্ঠান স্বতন্ত্র স্থানে কতিপর ব্রান্ধের সমুথে স্থান্স হইল।" ইহা দেখিয়া কোন ত্রাক্ষের হৃদয়ে না ক্লেশ হয়।—

৬। তাহার পর বিবাহের প্রস্তাব কিছুকাল বন্ধ থাকে, পরে ১১ মাঘের সময় আবার উপস্থিত হয়। কেশব বাবু নিজে যে নিয়মে বিবাহ দিতে স্বীকৃত হইলেন তাহা কেন ভঙ্গ করিলেন थर्ड अत्मत উত্তরে প্রচারকরর বলেন ;─ वात्रशांत कूठविशांत्र হইতে তারবোগে শীঘ্র মীমাংসার জন্ত অকুরোধ আসিতে লাগিক এবং অনেক আলোচনার পর ধার্য্য হইল যে ৬ মার্চ্চ দিবদে বিবাহ হইতে পারে যদি উহা কেবল বাগ্দানরূপে স্বীকৃত হয় এবং গবর্ণমেন্ট পাত্র পাত্রীকে আপাততঃ ঐ ভাবে রাথেন। গ্রণ্মেণ্ট ইহাতে সম্মত হওয়াতে অন্যান্য প্রভাবের আলো-চনা ও মীমাংসা হইতে 'লাগিল।" স্বল ভাষার বলিতে গেলে বলা উচিত যে তারে সংবাদ আসিল now or pever "হয় এখন নতুবা বিবাহের প্রস্তাব ভঙ্গ করিতে হয়।" কেশব বাবু অমনি দেখিলেন নিয়ম ধরিয়া থাকিতে গেলে পাত্রটী হাত ছাড়া ছয় অমেনি নিয়ম ভঙ্গ করিতে স্বীক্রত হইলেন। ভবে অপ-মানিত বিবেকের প্রবে(ধের জন্য ও ব্রাক্ষদের অভিযোগের উত্তর গণা করিতে হইবে।

৭। ইহার পর কুচবিহার হইতে পুরোহিত আসিয়া প্রীযুক্ত বাবু গৌরগোবিন্দ রায়ের সহিত পরামর্শ পুর্বক এক নুতন পদ্ধতি স্থির করিলেন। তাঁহারা বলেন;—

"এই রূপ বন্দোবস্ত করিয়া গ্রন্মেণ্টের প্রতিনিধি রাজাকে লইয়া ২০ ক্ষের্মারি তারিথে কুচবিহারে চলিয়া গেলেন, এবং উক্ত পদ্ধতির এক খণ্ড পাণ্ডুলিপি সঙ্গে লইয়া গেলেন। উহার সঙ্গে এক খানি ক্রোড়পত্র সংলগ্ন ছিল তাহাতে এই কয়েকটা বিশেষ নিয়ম লেখা ছিল ;—১৷ ব্বিহের সময় কিয়াবিবাহের পূর্বের বা পরে বর বা ক্ঞা কোন প্রকার পৌত্তলিক অফুটানে যোগ দিবেন না। ২। বিবাহ মণ্ডপে কোন দেব দ্বীর মৃর্ত্তি
অথবা অগ্নি অথবা বটাদি স্থাপন করা হইবে না। ৩। যে
মন্ত্রাদি এই কাগজে লেখা হইল ভাহাই পুরোহিত পাঠ করি-বেন কিন্তু তহাতীত অস্ত কোন মন্ত্রাদি উচ্চারণ করা হইবে না।
৪। মন্ত্রাদির কোন অংশ পরিত্যাগ বা পরিবর্ত্তন করা হইবে
না। পদ্ধতিসম্বন্ধে আরো নির্কিরোধ থাকিবার মান্নসে কন্যাপক্ষ হইতে এরূপ প্রস্তাব হইল যে উল্লিখিত বিবাহরীতি ডিপুটা
কমিসনর সাহেব অথবা তাঁহার প্রতিনিধি বিবাহের পুর্কে

ছঃথের বিষয় পূর্ব্বোক্ত নিয়মের কোনটাই রক্ষিত হয় নাই।
(১) বিবাহের পূর্ব্বে ক্সাকে প্রার্কিত্ত করান হইরাছিল এবং
বিবাহের পরে অর্থাৎ সম্প্রদানের পরে বর হোমস্থানে উপস্থিত
ছিলেন। প্রথম নিয়মটার দশাত এইরূপ হইল! দ্বিতীয়টার
অবস্থাও তদধিক। বিবাহ মণ্ডপে দেবমূর্ত্তি, অর্থাৎ হরগৌরী,
ক্ষমি অর্থাৎ হোমামি এবং ঘট তিন বর্ত্তমান ছিল। (৩)
তৃতীয় নিয়মটার হুর্দ্দা আরও অধিক হইয়াছিল দেই পদ্ধতির
মন্ত্রাদির অংশ পরিবর্ত্তন করা দূরে ধাকুক সেপদ্ধতিই পরিত্যক্ত
হইয়াছিল। (প্রমাণ এই পত্র)

৮। কেহ কেহ হন্ন ত বিবেচনা করিতে পারেন বে কন্যাপক্ষ প্রতারণা পূর্ক্ষক এই সকল নিম্ন ভঙ্গ করাইয়া-ছিলেন; কিন্তু তাহা নহে। তাঁহারা কেশব বাব্র কুচবিহার যাত্রার পূর্কেই কেশব বাবুকে স্পষ্টাক্ষরে বলিয়া পাঠান যে, ব্রাহ্মরীতি সংযুক্ত পদ্ধতি অনুসারে বিবাহ হইবে না। প্রতাপ বাব ও গৌর বাব নিজে বলিতেছেন:—"যাত্রার আরোজন হইতেছে এমত সময়ে তারে সংবাদ আলিল,—বিবাহ পদ্ধতি এখনো দেখা হয় নাই, উহা ছাপাইবেন না। শনিবার রাত্রিতে আর একটা তারবোপে সংবাদ আদিল—পদ্ধতির মধ্যে স্থানে স্থানে ত্রাক্ষরীতি সন্নিবিষ্ট রহিয়াছে, ইহা হইতে পারে না। রবিবারে সম্বর এ কথার প্রতিবাদ করা হইল, এবং পূর্ব্বকার কথা স্থাবণ করাইয়া দেওয়া হইল। বাই নাচ সম্বন্ধেও এ সমরে আপত্তি উঠিল এবং স্পেশল টেণের দিন পরিবর্ত্তন করিবার জন্যও অফ্রোধ করা হইল। কিন্তু তিষিয়ের এই উত্তর আদিল যে ট্রেণের ভাড়া ও সময়াদি ঠিক হইয়া গিরাছে, এখন বন্ধ হইতে পারে না। সোমবারে তাড়াতাড়ি করিয়া ১১টার সময় সকলে যাত্রা করিলেন।"

জিজ্ঞাসা করি কেশব বাহু যখন দেখিলেন যে, তিনি বিবেকের অন্থ্রোধে যে যে নিয়ম করিলেন কন্যাপক তাহা রক্ষা করিবেন না বলিয়া লংবাদ দিলেন, তথন তিনি কোচ-বিহারে যাত্রা করিলেন কেন? এরপ সংবাদ শুনিয়াও যাত্রা করাতে কি তাঁহাদের কথায় সম্রতি প্রকাশ করা হইল না? স্পোশল ট্রেণের টিকিট কেনা হইয়াছিল এই কি একটা যুক্তির মধ্যে যুক্তি। মা হয় কয়েক সহস্র টাকা ক্ষতি বীকার করিতেন। লোকে যদি জানিতে পারিত যে বরপক্ষ বাক্ষ মতে বিবাহ দিতে বীকৃত হইলেন না বলিয়া কেশব বারু কোচবিহার যাত্রা করিলেন না তাহা হইলে কি তাঁহার বিসক্ষেরাও অপক্ষ হইয়া পড়িত না? তাহা না হইয়া আমরা

কি দেখিলাম? না, কেশ্ব বাবু স্পষ্ট জানিলেন যে বরণক্ষ বিরাহ পদ্ধতিতে ব্রাক্ষগদ্ধও থাকিতে দিল্লন না, ভথাপি কল্পা লইরা বাত্রা করিলেন। তিনি যে বলিরাছিলেন যে ধর্মের দিক অথ্যে দেখিব, এই কি ধর্মের মুখ রক্ষা করা?

৯। ইহার পর কল্পা পক্ষ কন্যা নাইরা কুচবিহার পৌছিলেন,—করেক দিন ধ্যধান ও আনোদ প্রনাদের গেল। ইহার
অধ্যে আবির ধেলা ও বারাকনাদের হল্ প্রস্তৃতি হইল, ভাহা
প্রচারক্বর উল্লেখ করেন নাই। বিবাহের এক দিন পূর্ক্রে
কল্পাপক্ষীর কর্মচারিগন আসিরা বলিলেন, "কেশব বার্
বিবাহমগুপে উপস্থিত থাকিতে পারিবেন না, উপরীতভ্যানী
ব্রাহ্মণ অথবা অন্য জাতীর ব্যক্তি পুরোহিত হইতে পারিবেন
না, সামাজিক ব্রক্ষোপাসনা হইবে না। পাত্র কল্পা বিবাহসভার প্রস্পারের প্রতি অসীকার করিবেন না, উভর পক্ষে
হোম করিতে হইবে।" ইহা লইরা অনেক বাগ্বিভঙা চলিল।
অনেক বাদাস্বাদের পর শেবে ক্ষিত্রপ মীমাংলা হইল প্রবণ
ক্ষন:—

"শেষে এই কথা হইল যে পূর্ব অঙ্গীকার অছুসারে কন্যাপক্ষে কোন পৌতলিক অনুষ্ঠানের সহিত কিঞ্চিয়াত সংলব
থাকিবে না, এইরূপ বলোবন্ত না করিলে বিবাহ হইতে পারে
না। রাজি ১১টার সমন্ন তন্ত্রপ অনুজ্ঞা আলিল এবং সকলের
ভারনা দূর হইল। বিবাহ সভার উপস্থিত হইয়া আমরা
দেখিলাম যে একটা কুল মণ্ডপের মধ্যে করেকটা কলাগাছ ও
১১০টা বট এবং এক হাত লখা লাল কাপড়ে ঢাকা একটা

সামগ্রী রহিরাছে। কাহারও কাহারও মনে এরপ সলেছ হিইন বে হয়তো হয়গোমী প্রভৃতি হিন্দু দেবতা পূজার জন্য 'বিবাহ স্থলে প্রতিষ্ঠিত হইয়াছে। একথা ডেপুটা কমিসনর সাহেবের নিকট তৎক্ষণাৎ জ্ঞাপন করাতে তিনি উহা অম্বীকার ক্রিলেন এবং পণ্ডিতদিপের নিকট অমুসন্ধান করিয়া স্পষ্টক্রপে বলিলেন যে ঐ সকল দ্রব্যের মধ্যে পূজার বস্তু কিছুই নাই এবং কোন হিন্দু দেবতা স্থাপন করা হয় নাই। তাঁহার এবং প্রধান পণ্ডিতের কথায় প্রতীতি হইল যে মণ্ডপে কিছুমাত্র পৌত্তলিকতা নাই, তবে স্থানীর প্রাচীন প্রথা অমুসারে কতক-গুলি মঙ্গলমূচক দ্রব্য সাজান হইয়াছে। যাহা হউক সাহেবের ক্ষার উপর নির্ভর করিয়া কার্য্য আরম্ভ হইল। বালান, স্ত্রীআচার ও পরস্পরের সন্ত্রতি প্রকাশের পর বর বিবাহমণ্ডণে উপস্থিত হইলে আচার্য্য মহাশন্ন উপস্থিত ব্রাহ্মদিগের সহিত মিলিত হইরা সভাতলে ব্রশ্বোপাসনা করিলেন। তদনস্তর কম্ভা সভাত্ত হইলে কেশব বাবু এবং তাঁহার লাতা, বরের পুরোহিত ও কন্যার পুরোহিত শ্রীযুক্ত গৌরপোবিন্দ রার উপাধ্যার বিবাহমগুপে আসন গ্রহণ করিলেন। পৌতলিক দেবতার নাম পরিবর্জন করিয়া প্রচলিত হিন্দু বিবাহের মন্ত্রাদি मः गाधन পূর্বক পঠিত হইবে কন্যা অন্ত:পূরে চলিয়া গেলেন। পরে ব্রাহ্মরীতি অমুসারে প্রতিজ্ঞা, প্রার্থনা ও বরক্সার প্রতি আচার্য্যের উপদেশ এই করেকটা অমুষ্ঠান স্বতম্ব স্থানে কতিপর ব্রাক্ষের সন্মুখে স্থাস্পন্ন হইল।" 🛝

ক্ৰ্যাপকে কোনপ্ৰকাৰ পোন্তলিকতা থাকিবে না, এই

নিরবে বিবাহ দিতে স্বীকৃত হওয়াতে কি বরপকে পৌতলিকতা-চরণ করিবার অনুমতি দেওরা হইল না ? ইহার পর বরপকা বে কিছু করিরাছেন ভাহাতে ভাঁহাদের দোষ কি ? বাঁহারা হিন্দু ধর্ম্মের কিছুমাত্র জানেন তাঁহারা কি জানেন না যে, দেব বিগ্রহের পরিবর্ত্তে ঘট খ্যবহৃত হইয়া থাকে ? যে বাড়ীতে প্রতিমা নির্মাণের সামর্থা হর না তাহারা ঘটস্থাপন করিয়া: পূজাকার্য্য সমাধা করিয়া থাকে। কে না ব্রিতে পারিতেছেন যে কেশব বাবু কোনপ্রকার দেবতার বিগ্রহ রাখিতে অস্বীরুত হওয়াতে রাণীরা এই কৌশল অবলম্বন করিয়াছিলেন। হরগৌরী নামক যে পদার্থদ্ব ছিল তাহা বস্তাবৃত করিয়া রাখি-ৰার কারণ এই হঃপের বিষয় প্রচারক মহাশয়্বর এই ছলে গুইটী সভা গোপন করিয়াছেন। (১) কেশৰ বাবু সম্প্রদান করিতে পাইলেন না। ক্লফবিহারী বাবুকে সম্প্রদান করিতে হইল। এবং (২) ব্রাহ্মপক্ষের পুরোহিত মন্ত্র পড়াইতে পাই-লেন না. উপবীতধারী পৌত্তলিক পুরোহিত দারা মন্ত্র পডান-হইল। এই তুইটী কথা বলিতে ভুলিরা গিরাছেন, তুর্ভাগ্যক্রমে কেশৰ বাবুর কার্যোর এ ছুইটা প্রধান দোষ; এই ছুইটাতে তিনি পূর্ব্ব হইতে সম্মত হইয়াছিলেন। প্রমাণস্বরূপ পাঠকগণ ১৭ই ফেব্রুরারি দিবসের মিরারে কুচবিহারের বিবাহ নামক প্রস্তাবটী পাঠ করিয়া দেখিবেন। আকর্ষ্যের বিষয় এই ইইারা মিরারে যাহা স্বীকার করিয়াছেন, এত বড় শত্রের মধ্যে ভাহার উল্লেখ করিতেই বিস্থৃত হইলেন।

> >। अक: भत लाज कवत्र यह विवादित आंभि कि की

দিপের আপতি থওনে অগ্রসর হইয়াছেন, আমি তাঁহাদের কথাগুলি সমগ্র উদ্ধৃত করিতেছি।

"অনেকে ৰশিভেছেন যে বয়স সম্বন্ধে কেশব ৰাৰু আপনার প্রভাবিত রাজবিধি [১৮৭২ শালের ৩ আইন] লজ্বন করিয়া-ছেন এবং আপনার পূর্ব্ব বিখাস ও আচরণের বিক্লব্ব বাবহার করিরাছেন, কিন্তু এ অভিযোগের বিরুদ্ধে সমূহ প্রমাণ আছে। প্রথমতঃ কুচৰিহার স্বাধীন রাজ্য, তথায় উক্ত বিধি প্রচলিত নহে। কলিকাতায় বিবাহ হইলেও রাজা কুচবিহারে প্রত্যাগমন করিবামাত্র সে বিধি পালনের জনা তিনি আর দায়ী হইতে পারেন না। এ অবস্থার উক্ত বিধি অত্নসারে বিবাহ দেওরা নিক্ষপ ও অনাবস্তক। এই হেতু বিধি পরিত্যাগ করিতে হইণ। রাজা যদি ব্রিটিশ গ্রন্থেটের অধীন হইতেন নিশ্মই বিধি অনুসারে বিবাহ সম্পন্ন হইত, এবং বদি আইন অনুসারে বিবাহ হটত পাত্র পাত্রী উভরের সম্বন্ধে বরুসের নিয়ম নিশ্বই পালন করা হইড। 'কিন্ত ইহা জিজাস্য হইতে পারে যে কেশৰ বাবু বেন আইনের আলর মাই লইলেন, তিনি স্ত্রীলোকের বিবাহের বরস সহজে ইভিপূর্ব্ধে বেরূপ সংকার প্রাকাশ করিরাছেন ও উপদেশাদি দিয়াছেন ভাহার কেন অনাথা করিলেন ৮ অনোর বিবাহসভাৱে শক্ত নিয়ম কিন্তু নিজ কল্যার বিবাহে ডিন্সি रिश्वा अवर्णन कतिरामन रकन रे जाँशांत्र भूकी आछत्रराम मरक বৰ্তমান অভূচানের বিলোগ কেন ? ইতিপূৰ্বে আচাৰ্য্য মহাশর অবেকগুলি ব্রাহ্মবিবাহ সম্পর করাইয়াছেন ভাহাতে বভার वर्षम अञ्चार क्या हिन, देश 55/5२/5७। धः मकन दिनार

দিতে তাঁহার কিছু আপন্ধি ছিল বটে, কিছু তিনি তত সম্বৃচিত इन नाई (यटकु वानाविवाद्धत साथ व नकन विवाद विधि-পূর্ব্ব নিবারণ করা ইইয়াছিল। ত্রান্ধ বিবাহের উদীচ্য কর্মে এরপ স্পষ্ট নিয়ম ছিল যে ঋতুমতী না হইলে পাত্রী পাত্রের সহিত সম্বন্ধ স্থাপন করিবেন না.ভত দিন পর্যান্ত বিবাহ কেবল वाजान ऋत्रभ शक्टित। योवनावद्रा श्रान्त्रित भूट्य कनाव প্রকৃত বিবাস হওয়া অর্থাৎ পত্নী হওয়া নিষিদ্ধ, ব্রাহ্মসমাজে षादेन इटेनात जामक मिन शृंस इटेंटि धक्त नःस्नात हिल। যথন রাজবিধি প্রস্তুত হয় তথন কেবল এই নিয়ম বিধিবদ্ধ করা হইল। নারীজীবনে বাল্যাবস্থা কোন সময়ে যৌবনাবস্থায় পরিণত হয় তাহা নির্দারণ করিয়া সেই সময় বিবাহে।প্যোগী বলিরা নির্ণয় করা হইল। ডাক্তার চাবলস সাহেব ১৪ বংসর যৌবনাবস্থার প্রারম্ভ বলিয়া মত প্রকাশ করেন। আইনেও ঐরপ ব্যবস্থা হইল। রাস্তবিক উক্ত বিধির মূল ভাৎপর্যা এই যে যৌবনারন্তই কন্যার উপযুক্ত বয়স। এ নিয়ম বর্তমান বিবাহে পূর্ণ হইয়াছে। স্থতরাং কেশব বাবু আপনার কন্যার वस्त्रश्वरक्ष शृक्ष विश्वारम्य विकक्ष वावशात करवन नाहे।"

ৰিবাহে আইন রক্ষা হইল না সে কথা ষাক্ কেশৰ বাৰু কন্যার যৌবনারস্ত অর্থাৎ ঋতু কালকেই বিবাহ কাল ভাবিতেন এ কথা কি যথার্থ ? তিনি ব্রাহ্ম বিবাহ বিধি সংক্রোস্ত আন্দো-লনের সময় টাউন হলে বে বক্তৃতা করেন ভাহার কিয়দংশ্ উদ্ধৃত্ করিতেছি।

"Thirdly, we contemplate the abolition of early

or premature marriages. There has always been a large amount of uncertainty and doubt in the public mind as to the minimum marriageable age of Native girls. Reference was therefore made a few months ago to the leading medical authorities in Calcutta, and what is the result? It has been what we had anticipated. The medical authorities in Calcutta almost unanimously declare, that sixteen is the minimum mariageable age of girls in this country. Dr. Charles makes a valuable suggestion; he holds that fourteen, being the commencement of adolescence, may for the present be regarded as the minimum age at which Native girls may be allowed to marry, and may serve as a starting point for reform in this direction. In conformity with his suggestion and the opinions given by the other referees, we have come to the conclusion that, for the present at least, it would be expedient to follow the provision in the Bill which makes fourteen the minimum marriageable age of girls in this country, leaving it in the hands of time to develope this reform slowly and gradually into maturity and fulness. Thus you see, gentlemen, that marriage reforms are not directed exclusively against idolatry and caste, but are directed against the very root as well as the branches and fruits of that tree of corruption, which has for centuries caused many a man and woman in this country to suffer physically. intellectually, morally and spiritually. (Applause.)

It is evident that a reformed system of marriage which will enable us to get rid of all our injurious and immoral customs is a desideratum, which, every one will allow, a really intelligent and liberal Government ought to enable us to secure."

Town Hall Lecture 30th Sept. 1871.

পূর্ব্বোক্ত কয় পঁক্তির মধ্যে বাঁকা অক্ষরে যে কয়টা কথা আছে তাহা পাঠকগণ মন দিয়া পড়ন। তিনি কি বক্তৃতা করিবার সময় জানিতেন না যে, আমাদের দেশের অধিকাংশ वानिकारे ১৬ वर्गात्रत शृत्स् चजूमणी रत्र। आत প्रानंतकहत्र যে লিখিয়াছেন "ইতিপূর্ব্বে আচার্য্য মহাশয় অনেক গুলি ব্রাহ্ম বিবাহ সম্পন্ন করাইয়াছেন, তাহাতে কন্তার বয়স অত্যন্ত অল্ল ছिन; यथा ১৯।১२।১৩ এ সকল বিবাহ দিতে তাঁহার किছ আপত্তি ছিল বটে, কিন্ধ তিনি সম্ভুচিত হন নাই, যে হেতু বাল্য विवारक्त मार अ मकन विवार विधिशृक्षक निवादन कृता करे-রাছিল" এ কথা আমরা নৃতন শুনিলাম। আদি সমাজের অবলম্বিত বিবাহ পদ্ধতিতে বরের প্রতি উপদেশের মধ্যে এক স্থানে আছে বটে যে ভাষ্যা ঋতুমতী না হইলে তাঁহার সহিত এক শ্যায় শর্ম করিবে না, কিছু কেশ্ব বাবু যে যে বিবাহে ছিলেন তাহাতে কি কোন প্রকার রাজবিধি বা প্রতিজ্ঞা দারা বরকে এরপ কোন নিয়মে বদ্ধ করা হইয়াছিল ? আমাদের ত শবণ হয় না। তাহা করা দুরে থাক, ত্রীযুক্ত বাবু নবগোপাল মিত্র যখন তাঁহার নিজের কন্যার বিবাহে ঐদ্ধণ নিয়মের কথা বলিয়াছিলেন তখন মিরার এবং কেশব বাবুর প্রচারকগণ তাঁছাকে উপহাস করিয়। উড়াইয়া দিয়া ছিলেন। ফল কথা এই পূর্বেক কন্যার বয়দ লইয়া এত টানা টানি হয় নাই, বিবাহ বিশ্বর আন্দোলন উপস্থিত হইলে এ সম্বন্ধে বিশেষ রূপ চিস্তা জ্যারস্ত হইল এবং কেশব বাবু তথন ১৬ বংসর কন্যাব বিবাহ কাল বলিয়া স্থিব করিলেন। ঠিক এই যুক্ততে ত বলা যায় যে ব্রাহ্ম সমাজে উপনীত পরিত্যাগেব গোলগোগ উঠিবার পূর্বেও কেশব বাবু অনেক বার উপবীতধারী আচার্য্যের উপাসনাতে বোগ দিয়া ছিলেন স্ক্তরাং উপবীত ধারণ পাপ নয় এবং কেশব বাবুর আদি সমাজ পরিত্যাগ অভায় হইয়াছে। আর কন্যা ঋতুমতী হইলেই তাহার বিবাহ কাল হইল ইহা কোন ডাক্তার বলেন নাই বরং ডাক্তার মহেক্ত লাল সরকার স্পষ্টাক্ষরে ইহার প্রতিবাদ করিয়াছেন।

দিতীয়তঃ, ইহারা হুজনে কন্তার প্রায়শ্চিত সম্বন্ধে এই কথা বলিতেছেন। কিন্তু কেশব বাবুর প্রচারক দিগের মধ্যে এক জন প্রীযুক্ত বাবু গিরিশ-চক্র সেন, বঙ্গ বন্ধুতে ইহা অপেক্ষা আরও কিছু অধিক স্বীকার করিয়াছেন। ইহাকে কি প্রায়শ্চিভ বলে না ? আমি এরপ মনে করি না যে কেশব বাবু ইহাতেও সম্মত ছিলেন। বরং ইহা মনে করি বে রাজমাতৃগণ অক্তার পূর্বাক তাঁহার কন্যাকে এই গুলি করাইয়াছেন। কিন্তু কূচ-বিহার হইতে এক বান্ধি লিখিয়াছেন বে এ কার্য্য কেশব বাবুর গৃছিলী এবং মাজার অপোচরে হর নাই স্থতবাং বর পক্ষদিগকে মিতান্ত প্রেডরেশা অপরাধে অপ্রাধী করাও যার না। পাত্র-টিকেও বিলক্ষণ স্থায়তি করা ইইরাছে। তিনি পৌত্রিকতা मार्तिम मा जरद किना अवर्गरम् केत्र भागति । जारमर्भ विवा হের বৈশতা রক্ষার জন্য ছোমের সমন্ধ তাঁহার কেবল উপস্থিত থাকিতে হইয়াছিল, "কেৰল উপস্থিত থাকিতে হইয়াছিল"---অর্থাৎ স্বরং হোম করিতে হর নাই। প্রচারক বর কোথার ব্ৰাহ্মণ ভিন্ন অন্য ভাতিকে স্বরং হোম করিতে দেখিরাছেন ? আর রাজা হোমের সময় বসিয়া থাকিলেন কেন ? উত্তর-"विवाद्यत देवरका तकात खना"। किंत्रण देवरका ? देवर बांक विवाह इहैरव धहे कना ? ना देवर हिन्तु विवाह हहेरव धहे জना? निक्तत्र विलाख इहेरव देवध हिन्तु विवाह इहेरव धहे क्रमा। छत्व विवारी किक्रल विवार लाठक छेवत्र कक्रम. আমি আর উত্তর করিব না। ভাল এক দিকে বর পক্ষ যেমন হিন্দু বিবাহের বৈধতা রক্ষা করিবার উপায় করিলেন, কেশব-বাবু কি ত্রাহ্ম বিবাহের বৈধতা রক্ষা করিবার কোন উপার कतिशाष्ट्रितन ? खाक विवाद्यत देवथला तकात बना कि कि চাই ? চারিটা বিষয় চাই। বর কন্যার উপাসনাতে যোগ দেওরা; পুরোহিতের ব্রাহ্ম পুরোহিত হওরা; পাত্র পাত্রীর ঈশর সাক্ষী করিয়া উদ্বাহ প্রতিজ্ঞা করা; বিবাহ পদ্ধতির পৌত্তনিকতা সম্পর্ক শূন্য হওয়া। ইহার কোনটা কি এ বিবাহে রকিত হইয়াছে । কোনটাই না। পাত পাত্রী উপাসনাডে যোগ দেন নাই। তাঁহারা বিবাহ মণ্ডপে ছিলেন এবং উপাসনা মণ্ডপের বাহিরে হইরাছিল,বিশ্বে উপাসনার সমন্ত্র বাদ্যক্ষনিতে কিছুই শ্রুড হয় নাই (প্রমাণ ১৭ই ফেব্রুয়ারির মিরার)

পুরোহিত ভ্রান্ধ পুরোহিত নন; পরস্ক এ কলন উপবীত ও

ত্রিপুও ধারী ত্রাহ্মণ; উদ্বাহ প্রতিজ্ঞা বিবাহ স্থানে হর নাই: অনেককণ পরে অন্তরে গিয়া হইরাছে—কলিকাডায় আসিয়া করিলেই হইত। চতুর্থতঃ, পদ্ধতি ও পৌত্তলিকতা দোষ শুন্য ইয় নাই। তবে ত্রাক্ষ বিবাহের বৈধতা কিরূপ রক্ষিত হইরাছে তাহা সকলে দেখুন। অথচ প্রচারকদ্বর বলিরাছেন "উপরে লিবিত বিবাহ বৃত্তান্ত পাঠে আপনারা সহজে বুঝিতে পারিবেন যে বাঁহারা বাল্য বিবাহ ও পৌত্তলিকতার দোব আচার্য্য মহা-শরের প্রতি আরোপ করিয়াছেন তাঁহারা ভ্রমবশতঃ এরপ কার্য্য করিয়াছেন।" এক ব্যক্তি একবার আহার করিতে বসিয়া বলিয়াছিল-ব্যঞ্জনটা বেশ হইয়াছে, পরে এক এক করিয়া জিজ্ঞাসা করাতে বলিল-লবণ একটু অধিক, হরিদ্রা কম, बात दिनि, क्रम अधिक, ममनात अष्टाव। প্রচারকগণও কি त्नरेक्क**प विनादन रव विवार** निर्माय हरेग्नाह उरव किना, बरतत वहम ১৫ कनाति वहम ১৩; তবে किना कमव वावृत জাতিভ্ৰষ্ট বলিয়া সম্প্ৰদান করিতে পান নাই; ব্ৰাহ্ম পুরোহিত পৌরহিত্য করিতে পান নাই; তবে কিনা বিবাহের পূর্বে কস্তাকে প্রারশ্চিত্ত করিতে হইরাছিল এবং বৃদ্ধিশ্রাদ্ধ নান্দীমুখ প্রভতি শালোক রীতিতে হইরাছিল; তবে কিনা উপাসনাটা এক পাশে বসিয়া নম নম করিয়া সারিতে হইয়াছিল এবং উষাহ প্রতিজ্ঞা উপদেশাদি পুকাইয়া করিতে হইয়াছিল; ভবে কিনা পাত্রকে হোমের সমর উপস্থিত থাকিতে হইয়াছিল এবং বাইনাচ প্ৰভৃতি বন্ধ করিতে পারা যার নাই।" বদি কাহারও ইছে। হর ইহাকে ত্রান্ধ বিবাহ বনুন। আমি বলিতে পারি না।

এক বাক্তি এক সময় প্রীপ্তথম্বাবলম্বন করেন। তাঁহার ক্ষেপ্ত লাভা ও মাতা প্রভৃতি হিন্দুসমাজেই ছিলেন, কিছুদিন যায় তাঁহার জ্যেষ্ঠ লাভার মৃত্যু কাল উপস্থিত হইল। তথন প্রীপ্ত ধর্মাবলম্বী লাভা ভাহাকে দেখিতে গেলেন। গিয়া দেখেন যে চারিদিকে প্রায়েন্ডিরে আয়োজন। বাক্ষণদিগের অর্থদান হইতেছে। নানা প্রকার পৌতলিক ক্রিয়ার আয়োজন হইরাছে। প্রীপ্তধর্মানবলম্বী লাভা একজন পাদরি তিনি জ্যেষ্ঠের মৃত্যুন্ধ্যার নিকট গেলেন এবং বলিলেন দাদা কর কি মৃত্যুকালে একবার প্রীপ্তের শরণাপর হও এই কথা বলিয়া তিনি লাভার জন্য একটু প্রার্থনা করিলেন। ইতি মধ্যে জ্যেষ্ঠের মৃত্যু হইল। পাদরী লাভা বাহিরে আসিয়া বলেন যে ভাহার মৃত্যু কালে প্রীয়ীর প্রণালী অন্পারে ভজনা হইল ভাহাই কি ঠিক ? এ বিবাহও দেইরূপ ব্রাক্ষ বিবাহ।

উপহাদ দ্বে থাকুক লিখিতে লিখিতে হাদর ছঃখে পরিপূর্থ হইতেছে। আন্ধ সমাজের অবস্থা কি হইল? বাহারা এড কাল বীরের ন্যার ধর্মসংগ্রাম করিলেন তাঁহারাই আজি অসং কার্য্যকে সংকার্য্য বলিরা ঘোষণা আরম্ভ করিলেন। যদি তাঁহারা বাস্তবিক অমৃতাপ করিতেন, যদি ইহাকে আন্ধ ধর্মের চক্ষে দ্বণীর বলিতেন তাহা হইলে এত ক্ষোভ হইত না। কেশব বাব্র মুখ রক্ষার জন্ত যাহা চিরকাল সকলে নিল্লনীয় বলিয়া আসিরাছি তাহাকে অনিল্লনীয় বলিতে হইল; যাহা অপরের পক্ষে অমার্জনীর ভাবিয়াছি তাহা মার্জনীর তাবিত্তে হইল; যাহা আপরের পক্ষে অমার্জনীর ভাবিয়াছি তাহা মার্জনীর তাবিত্তে হইল; যাহা আহা বাহা বান্ধ ধর্মের বিরোধী বলিয়া ঘোষণা করিয়াছি,

ভাষাকে ব্রাক্ষ ধর্মের অবিরোধী বলিতে হইল !!! সভ্যাপ্তিরজা ভবে তৃমি কোথার ? আমরা প্রতিবাদ করিরাছি, ব্রাক্ষ ধর্মের ও ব্রাক্ষ সমাজের মুখে যে কাণি পড়িতেছিল ভাষা ধ্যোত করিয়াছি, এই অপরাধ, এই অপরাধে আমরা অসং ও অভজ্র-লোক এই স্বখ্যাতি ও পুরস্কার উপার্জন করিয়াছি।

সে যাহা হউক, পূর্ব্বোক্ত কথা গুলির মধ্যে একটা ভরম্বর মত লুকাইয়া রহিরাছে; বিশেষতঃ গ্রান্ধ ভিন্ন অপরের ধরিবার ভিপায় নাই। সে মতটা এই, কেশৰ বাবু কৰ্ডমান সময়ের জগতের মুক্তির পছা আবিষ্কার করিবার জন্ম বিশেষ ভাষে প্রেরিত; তাঁহার অবলম্বিত প্রচার প্রণালী ও সমুদার আধ্যা-দ্মিক উপারের নাম বিশেষ বিধান। তিনি সাধারণ বাজিগণ অপেকা স্বতন্ত্র। অন্য ব্যক্তিদিগের সমুদার কর্ম নিজ বৃদ্ধির अधीन हरेबा थाक किनव वावुब मिनिक आहाब भगांख जेमबा-দেশে হইয়া থাকে। প্রতাপ বাবুও গৌর বাবু স্পষ্টাক্ষরে বিলিয়াছেন কেশব বাবু নিজে এই রূপ বিশ্বাস করেন। আমা-দেরও এই কথা সম্পূর্ণ সভ্য বলিয়া বিলক্ষণ প্রভীতি হইতেছে কারণ এই বিবাহের আন্দোলনে তিনি ব্রাহ্মদিগের সহিত বেরূপ খ্যবহার করিয়াছেন এবং তাঁহার মুখ হইতে বেরণ বাক্য সকল নিৰ্গত হইয়াছে। তাহাতে আর এ বিষরে অণুমাত্র সন্দেহ মাই। বাব শিবচন্দ্র দেব ৬৬ বৎসরের বৃদ্ধ, যিনি হয় ত কেশব বাবুর পিতার সমাধ্যায়ী; এবং বিখাস, নিষ্ঠা, সৌজনা ব্রাদ্ধ धर्माञ्चारगत कमा माधाद्ररणत कापृष्ठ; विमि बाक्ष ममारकत अधम অভিচাৰ সময় ৰাম্যোহন বাবেৰ সহিত উপস্থিত থাকিতেন,

ट्राई निवहत्व बावू, वावू इशियाइन मान, वावू भाननत्याहन बद्ध প্রভৃতি ২৩ জন আফুর্চানিক ব্রাহ্ম স্বাক্ষম করিয়া যে প্রার্থনা পত্ত ভাঁহার হত্তে দিলেন, তাহা তিনি পাঠ করিলেন না। आমা-দের মধ্যে একজন জিজ্ঞাসা করাতে বলিলেন যে, তাহা পাঠ করা তিনি পাপ মনে করেন। কেবল তাহা নহে, তিনি আমাদের কাহার কাহারও নিকটে আক্ষালনপূর্বক বলিয়া-(इन (य, व्यत्मात भक्त कन्मात व्यत्न वंशत्म विवाह मिला भाभ, তাহার পক্ষে এক বংসরের বালিকার বিবাহ দিলে পাপ হয় না। এরপ অহঙার ও আক্ষালন পূর্বোক্তরপ বিশ্বাস না থাকিলে কখনই জ্মিতে পারে না। এই কথা গুলি লিখিতে লিধিতে আমি ভাবিতেছি যে, আমরাই কেশব বাবুর এই অপকার করিয়াছি, ত্রাহ্মদিগের মধ্যে কতকগুলি যদি তাঁহার পদবেহন ও পদধারণ করিয়া প্রার্থনা না করিতেন, যদি ত্রান্ধ প্রচারকরণ তাঁহার ইচ্ছাকে আপনাদের শাস্ত্র স্বরূপ না করিতেন. যদি তাঁহার হত্তে বান্ধ সমাজের সম্দায় ভার অপিত ন। হইত. যদি নরপূজার আন্দোলন আশ্রমের আন্দোলন প্রভৃতি যাঁহারা করিয়াছিলেন আঁহারা কির্দিন পরে নির্ভ্ত না হইতেন. যদি কেশব বাবুও তাঁহার পক্ষীয় ব্যক্তিগণ মিরার ধর্মতত্ত্ব স্থলভ প্রভৃতিতে কটুক্তি অখ্যাতি বোষণা করিয়া বিপক্ষদিগকে ব্ৰাহ্ম সাধারণের চক্ষে অসৎ লোক বলিয়া প্রতিপন্ন করিতে সমর্থ না হইতেন; বদি তাঁহার পারিপার্শ্বিদিগের মধ্যে ভাঁহার ভ্রমকে ভ্রম বলিবার সাহস কাহারও থাকিত, তাহা হইলে তিনি এক্লপ লমে পতিত হইতেন না। তিনি মহাপুৰুৰ

হন, মহাপুরুষ থাকুন, আমরা তাঁহাকে অপরাপর মনুবার নাার লাক্তনীব মনে করি, ঈশ্বরাদেশকে তাঁহার এক চেটিরা ভাবি না। বর্ত্তমান সময়েই জগতে ধর্মপ্রচারকদিগের মধ্যে তাঁহা অপেক্ষা অস্ততঃ দশগুল মহৎ লোক দেখিতে পাই; আমরা দিব্য চক্ষে তাঁহার অনেক বৃদ্ধির ক্রুটী ও বিচারশক্তির লাস্তি দেখিতে পাইতিছি; আমরা আক্ষামাজে তাঁহার কিয়া অপর কোন ব্যক্তির একচ্ছত্র রাজত্ব হইলে তাহাকে শোচনীয় মনে করি; আমরা মত বিষয়ের স্বাধীনতা ও স্বতন্ত্রতা রক্ষাকে ধর্ম জগতের প্রাণ রক্ষার উপায় বিবেচনা করি। অতএব কোন আক্ষার তুইই হউন আর রুইই হউন, স্পটাক্ষরে বলিতেছি আমরা সত্যের অন্বর্ত্তী কোন ব্যক্তি বিশেষের অন্বর্ত্তী নহি।

আরও কতকগুলি কথা অবশিষ্ট আছে। এই সকল কথা বলাতেই আমি এবং আমার কতিপয় বন্ধু কেশব বাব্র ও তাহার প্রচারকগণের অপ্রিয় হইরাছি। কিন্তু সেজন্ত বিশ্বুমাত্র ছংথিত নই; তাঁহাদের মতাবলধী ব্রাহ্মদিগের চক্ষেহর ত আমরা নিশ্বনীয় তাহাতেও তিলমাত্র ভীত নই। বরং কেশব বাব্র ও প্রচারক মহাশ্যদিগের ব্রাহ্মধর্মবিরোধী মত গুলির প্রতিবাদ এত দিন ভাল করিয়া করিতে পারি নাই বলিয়া ব্রাহ্ম বন্ধ্রণ আপনাদের নিকট এবং নিজের বিবেকের নিকট আপনাদিগকে অপরাধী বলিয়া গণ্য করি। ভূত কালে আমাদের বে ক্রটী হইয়াছে আশা করি ভবিষ্যতে আর হইবেনা। ঈশ্বরপ্রদাদে ব্রাহ্ম সমাজের নব জীবনের দিন উপস্থিত হুইতেছে; এ সময়ে ব্রাহ্মদিগের অধ্যবসায় এবং মতের স্থিকতা হুইতেছে; এ সময়ে ব্রাহ্মদিগের অধ্যবসায় এবং মতের স্থিকতা

নিভান্ধ প্রয়োজন। যাঁছারা এই বিবাহের প্রতিবাদ করিয়া-ছেন তাঁহারা জালিবেন যে তাঁহারা ঈশ্বরের প্রিয় কার্যা করিয়া-ছেন। এখন আর তাহারা পুনরার এই বিবাহের উদ্যোগ কর্ত্তা ও প্রতিপোষকদিগের নিকট মন্তক অবনত করিতে পারেন না; তাহা হইলে সত্যের মর্যাদা রক্ষা হইবে না। যত দিন না তাঁহারা অফুশোচনা করেন, যত দিন না তাঁহারা चापनामित्रात (माय कालन कतित्वन, उठमिन ठाँशासित निक्षे মন্তক অবনত করিলে ত্রাহ্ম ধর্ম্মের এবং ত্রাহ্মসমাজের ক্ষতি করা হ'ইবে। ব্ৰাহ্ম ধর্ম প্রচারের জন্য ভাবিবেন না, ব্রাহ্মসমান্তকমিটা ত্বরায় উপযুক্ত প্রচারকসকল নিয়োগ করিবেন, প্রচারপ্রণালী নিরপণ করিবেন, তাহা যথা সময়ে সমুদার সমাজে প্রেরিড হইবে। ব্রাহ্মসমাজকমিটী মফস্বলের সমুদায় সমাজের সহিত পরামর্শ না করিয়া কোন প্রকার গুরুতর ও স্থায়ী কার্য্যে হস্তক্ষেপ করিবেন না; তাঁহারা আপনাদিগকে সপ্তম স্বর্ণের লোক এবং সাধারণ বাহ্মদিগকে নিরুষ্ট জগতবাসীলোক বলিয়া গণনা कतिरात नाः वर्तमान आत्मानत्न गाँशात्रा श्रवेख इहेबाइन তাঁহারা কেবল আন্দোলন করিয়া নিরস্ত হইবেন না: এই উদ্যোগে ব্রাহ্ম সমাজকে নিয়মতন্ত্রপ্রণালীতে বন্ধ করা তাঁহা-দের সংকর। মফস্বলবাসী ব্রাহ্মবন্ধুদিগের প্রতি এইমাত্র व्यक्टताथ (य डाँशांता (कवल व्यक्तित खना क्रेचरत्र निक्छे প্রার্থনা করুন, প্রত্যেক ব্রাহ্ম ও প্রত্যেক ব্রাহ্মিকার কঠ হইতে প্রার্থনা-ধ্বনি স্বর্গের সিংহাসনের দিকে উখিত হউক: যিনি এতকাল আদ্ধান্যাজকে রক্ষা করিয়াছেন, বিনি স্ত্যুপক্ষকে

কথনও পরিত্যাগ করেন নাই, বিনি নিরতি চক্তের মধ্যে থাকিয়া নানবের স্থা চঃখ জর পরাজয়কে নির্মিত করেন, তিনি জালাদের মিলিত প্রার্থনা নিশ্চর পূর্ণ করিবেন।



Printed by Ashutosh Ghose and Co., Albert Press, 37 Machuabazar Street, Calcutta.